

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ  
বাজেট শাখা  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.২০.০০৭.২৩.১৭৪৪

তারিখঃ ১৬ ভাদ্র ১৪৩০  
৩১ আগস্ট ২০২৩

প্রেরকঃ মোঃ একরামুল হক শামীম  
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
কক্ষ নং- ৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ চলতি ২০২৩-২৪ অর্থবছরে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহকে “৩২১১১৩১- আউটসোর্সিং” খাতে অর্থ বরাদ্দ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে “১২১০৫০৪০০০০০০-নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহ” এর ‘৩২১১১৩১-আউটসোর্সিং’ খাতে বরাদ্দকৃত অর্থ হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে ছকে উল্লিখিত অর্থ ছাড়করণে সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তাবলী :

- (ক) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;
- (খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসেবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- (গ) জনপ্রতি সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১০.০৬.২০১৯ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুসরণ করতে হবে। সেবামূল্যের পরিমাণ বেশি হলে বিল পরিশোধের পূর্বেই আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করতে হবে;
- (ঘ) অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতিপত্র ব্যতিত কোন ধরনের আউটসোর্সিং সেবা গ্রহণ করা যাবে না;
- (ঙ) হালনাগাদ চুক্তিপত্র ব্যতিত কোনো ধরনের সেবা মূল্য পরিশোধ করা যাবে না;
- (চ) আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর অধীন নির্ধারিত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে এ বিভাগের সম্মতি থাকতে হবে;
- (ছ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রাপ্য সার্ভিস চার্জ বা কমিশন থেকে আয়কর কর্তন করতে হবে, উক্ত আয়কর সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ প্রদান করবে না;
- (জ) বর্তমান বরাদ্দ হতে চলতি অর্থবছরের জন্য অর্থ ব্যয় করতে হবে। পূর্বের অর্থবছরের বকেয়া পরিশোধের ক্ষেত্রে এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
- (ঝ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন/২০২৪ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।

০২। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী আউটসোর্সিং সেবাক্রয়ের ক্ষেত্রে ধার্যকৃত সেবামূল্যের আলোকে ন্যূনতম ৫% সার্ভিস চার্জ ধরে আদালত/ ট্রাইব্যুনালসমূহে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। সার্ভিস চার্জ ৫% এর বেশি হলে অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির জন্য হালনাগাদ চুক্তিপত্রসহ নির্ধারিত ছকে চাহিদাপত্র প্রেরণ করতে হবে।

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসমূহ

ক্রঃ নং	আদালত/ ট্রাইব্যুনালের নাম	সেবার নাম ও সংখ্যা	মাসিক ন্যূনতম সেবামূল্য	সার্ভিস চার্জ (সর্বনিম্ন ৫% হারে)	ড্যাট কর্তন (১৫% হারে সেবাক্রয়কারী কর্তৃক প্রদেয়)	০১ মাসে মোট প্রদেয় অর্থের পরিমাণ	প্রদেয় অর্থের পরিমাণ	সার্ভিস চার্জ হতে প্রতিমাসে আয়কর কর্তন ১০% হারে (সেবা প্রদানকারী কর্তৃক প্রদেয়)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১.	ব্রাহ্মণবাড়িয়া-২	জারিকারক-০১ জন	১৬,১৩০	৮০৭	২,৫৪১	১৯,৪৭৮	১৯,৪৭৮/- (০১ মাসের বকেয়া)	৮১	অফিস সহায়কের চুক্তিপত্র বর্ধিত করা যাবে না। উক্ত পদে অভিসংহত রাজস্ব খাতে কর্মচারী নিয়োগ করতে হবে।
		অফিস সহায়ক-০১ জন	১৬,১৩০	৮০৭	২,৫৪১	১৯,৪৭৮	৯৭,৩৯০/- (০৫ মাসের বকেয়া)	৮১	
২.	চট্টগ্রাম-৫	অফিস সহায়ক-০১ জন	১৬,৬২০	৮৩১	২,৬১৮	২০,০৬৯	৮০,২৭৬/- (০৪ মাসের বকেয়া)	৮৪	

১৫/১১/১৯

(মোঃ একরামুল হক শামীম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫৭৬৫ (অ)।


ইমেইল-lawjusticediv.budget@gmail.com

তারিখঃ ৩১/০৮/২০২৩ খ্রিঃ

নং-১০.০০.০০০০.১২৬.২০.০০৭.২৩.১৭৪৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

- ১। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, .....
- ২। ডিভিশনাল কন্ট্রোলার অফ একাউন্টস, .....
- ৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, .....
- ৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



(মোঃ একরামুল হক শামীম)

সিনিয়র সহকারী সচিব